# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫৪৭

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৮৪. চামড়ার মোজাদ্বয়ের উপর মাসহ করা।

بَاب مَا جَاءَ فِي الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ

আরবী

حَدَّثَنَا أَبُو مُصْعَبٍ الْمَدَنِيُّ، حَدَّثَنَا عَبْدُ الْمُهَيْمِنِ بْنُ الْعَبَّاسِ بْنِ سَهْلِ بْنِ سَعْدٍ السَّاعِدِيُّ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ مَسَحَ عَلَى الْخُفَّيْنِ وَأَمَرَنَا بِالْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ .

বাংলা

৫/৫৪৭। আবদুল মুহাইমিন ইবনুল আব্বাস ইবনু সাহল আস্-সাইদী থেকে তার পিতা ও দাদার সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চামড়ার মোজাদ্বয়ের উপর মাসহ(মাসেহ) করেছেন এবং আমাদেরকেও মোজাদ্বয়ের উপর মাসহ(মাসেহ) করার নির্দেশ দিয়েছেন।

## English

'Abdul-Muhaimin bin 'Abbas bin Sahl As-Sa'idi narrated from his father, from his grandfather:
"The Messenger of Allah wiped over his leather socks and he ordered us to wipe over the leather socks."

ফুটনোট

তাহক্বীক্ব আলবানী: সহীহ। উক্ত হাদিসের রাবী আবদুল মুহাইমিন ইবনুল আব্বাস সম্পর্কে ইমাম বুখারী ও আবু হাতিম আর-রাযী বলেন, মুনকারুল হাদিস। ইমাম নাসাঈ বলেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। ইবনু জুনায়দ বলেন, তার হাদিস দুর্বল। আস-সাজী বলেন, তার নিকট তার পিতা ও দাদার সুত্রে একটি নুসখা রয়েছে, যাতে একাধিক মুনকার হাদিস রয়েছে। ইবনুল বুরাকী তাকে দুর্বল বলেছেন। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=10765

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন